

দৈনিক সন্ধ্যা

AUG 22 2002

তারিখ
পৃষ্ঠা ২ কলাম ৫.....

ঢাকা কলেজে অধ্যক্ষের বদলির প্রতিবাদে ভাঙচুর

নিজস্ব বার্তা পরিবেশক : অধ্যক্ষের বদলির প্রতিবাদে বুধবার ঢাকা কলেজের একদল বিক্ষুব্ধ ছাত্র কলেজে ব্যাপক ভাঙচুর করে। ছাত্ররা বদলি হওয়া অধ্যক্ষ কবীরউদ্দিন আহমেদকে পুনরায় ঢাকা কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগদানের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করে।

সূত্র জানায়, গতকাল সকালে ছাত্ররা কলেজে গিয়ে জানতে পারে কলেজের অধ্যক্ষ কবীরউদ্দিন আহমেদকে বদলি করা হয়েছে। মঙ্গলবার অধ্যক্ষ কবীরউদ্দিন আহমেদের এক বছর দায়িত্ব পালন উপলক্ষে ছাত্ররা বর্ষপূর্তি অনুষ্ঠানের আয়োজন করে। মঙ্গলবার তারা অধ্যক্ষের বদলির বিষয়টি জানতে পারেনি। অধ্যক্ষ কবীরউদ্দিন আহমেদ নিজেও বিষয়টি জানতেন না বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

বুধবার সকালে ছাত্ররা জানতে পারে বর্তমান অধ্যক্ষকে বদলি করা হয়েছে এবং
ভাঙচুর : ১০.১০.০২

ভাঙচুর : ঢাকা কলেজে (১২ পৃষ্ঠার পর)

অধ্যক্ষ হিসেবে ড. শফিউর রহমানকে নিয়োগ দেয়া হয়েছে। এ বছর কলেজে ছড়িয়ে পড়লে একদল বিক্ষুব্ধ ছাত্র কলেজের প্রশাসনিক ভবন ও ক্লাসরুমের দরজা-জানালা ভাঙচুর করে। সকাল ১১টা থেকে ২টা পর্যন্ত ভাঙচুর চলে। অধ্যক্ষ কবীরউদ্দিন আহমেদকে পুনরায় নিয়োগের দাবিতে ছাত্ররা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।